**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা**
**www.ecs.gov.bd**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪-০৩

তারিখঃ ২১ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**পরিপত্র-১**

বিষয়ঃ **ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫-এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও নিবন্ধন কার্যক্রমের সময়সূচি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫-এ ভোটারযোগ্য নাগরিকদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম **২০ জানুয়ারি ২০২৫** তারিখ হতে পরবর্তী **২ (দুই) সপ্তাহ পর্যন্ত অথবা শুরুর তারিখের পরবর্তী ০২(দুই) সপ্তাহ** ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে সম্পন্ন করা হবে। **২০০৮ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের** ও বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদেরকে ভোটার তালিকাভুক্তি এবং মৃত ভোটারদেরকে ভোটার তালিকা হতে কর্তনের জন্য তথ্যাদি সংগ্রহ করা হবে।

০২। ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫ নিম্নবর্ণিত সময়সীমা অনুসরণপূর্বক তথ্যসংগ্রহ ও নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:

| | | |
|---|---|---|
| ১ | তথ্যসংগ্রহকারীগণ বাড়ি বাড়ি গিয়ে ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ এবং মৃত ভোটারদেরকে ভোটার তালিকা হতে কর্তনের তথ্যাদি সংগ্রহ<br>(তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণ ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তি ও কর্তনের জন্য নির্ধারিত ফরম পূরণসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করবেন) | ২০ জানুয়ারি ২০২৫ হতে ০৩ ফেব্রুয়ারি পর্যন্ত |
| ২ | নিবন্ধন কেন্দ্রে নিবন্ধন (বায়োমেট্রিক গ্রহণসহ)<br>[২০০৮ সালের ১ জানুয়ারি বা তার পূর্বে যাদের জন্ম অথবা বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে বাদ পড়েছেন তাদেরকে নিবন্ধন করা হবে] | ০৫ ফেব্রুয়ারি ২০২৫ হতে ১১ এপ্রিল ২০২৫ পর্যন্ত |
| ৩ | উপজেলা/থানা নির্বাচন অফিসারের কার্যালয়ে ভোটার এলাকা স্থানান্তরের আবেদন গ্রহণ, মৃত ভোটারদের নাম কর্তনের তথ্যাদি এবং নতুন ভোটারের তথ্য BVRS (Bangladesh Voter Registration Software) সফটওয়ারের সাহায্যে ডাটাএন্ট্রি ও ডাটা আপলোড | ১২ ফেব্রুয়ারি ২০২৫ হতে ১৬ এপ্রিল ২০২৫ পর্যন্ত |
| ৪ | জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ কর্তৃক খসড়া ভোটার তালিকার পিডিএফ প্রস্তুত ও সিএমএস পোর্টালে লিংক সরবরাহ | ০৫ মে ২০২৫ |

০৩। সারাদেশে একযোগে সকল উপজেলা/থানার তথ্য সংগ্রহ না করে যখন যে উপজেলায় নিবন্ধন কার্য শুরু হবে তার পূর্বে সেসব উপজেলা/থানার তথ্যসংগ্রহ করতে হবে। এক্ষেত্রে, সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ স্থানীয়ভাবে উপজেলা/থানাভিত্তিক তথ্য সংগ্রহ ও নিবন্ধন কার্যক্রমের সময়সুচি নির্ধারণপূর্বক অঞ্চল ভিত্তিক একত্রীকরণ করে এতদসংগে প্রেরিত ছক অনুযায়ী (পতাকা-ক) নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন সহায়তা-২ শাখায়, জনসংযোগ শাখায় অধিশাখায় ও জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগে প্রেরণ করতে হবে। বিশেষ দিবসের ছুটি ব্যতীত সাধারণ ও সাপ্তাহিক ছুটির দিনে নিবন্ধন ও তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান থাকবে।

০৪। একযোগে সকল জেলায় (প্রতিটি জেলার ০১-০৬টি করে উপজেলা/থানা) টিম সংখ্যা অনুযায়ী একসাথে ০১-০৭টি টিমে বায়োমেট্রিকসহ নিবন্ধন কার্যক্রম চলমান রাখতে হবে। তবে জেলা নির্বাচন অফিসার আঞ্চলিক নির্বাচন অফিসার এর তত্ত্বাবধানে তার আওতাধীন উপজেলা/থানা নির্বাচন অফিসারদের সাথে পরামর্শ করে কোন্ উপজেলা/থানার নিবন্ধন শেষ করে কোন্ উপজেলা/থানা কার্যক্রম শুরু করবেন টিম ও অপারেটের সংখ্যার উপর ভিত্তি করে তার একটি পূর্ণাঙ্গ এবং বাস্তবিক সিডিউল প্রস্তুত করে আঞ্চলিক নিবর্চন অফিসারের মাধ্যমে তা নির্বাচন কমিশন সচিবালয়, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ ও নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট-কে অবহিত করে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। সে অনুযায়ী সকল অঞ্চলের সময়সূচি একত্রীকরণ করে তা জাতীয়ভাবে দৈনিক পত্রিকার মাধ্যমে ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। এক্ষেত্রে দেশব্যাপী কোন ধাপ বা পর্যায় না রেখে জেলাভিত্তিক টিম ও অপারেটর সংখ্যা অনুযায়ী উপজেলা/থানাসমূহকে বিভিন্ন পর্যায়ে ভাগ করতে হবে।

০৫। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সময়সীমা ও নির্দেশনা অনুসারে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫ এর তথ্যসংগ্রহ ও নিবন্ধন কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা যাচ্ছে।

০৫.০১.২০২৫

**(মোঃ নাসির উদ্দিন চৌধুরী)**
**সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-২)**
**ফোনঃ ৫৫০০৭৫৫৪**

**উপজেলা/থানা নির্বাচন অফিসার......(সকল)**
**এবং**
**রেজিস্ট্রেশন অফিসার**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪-০৩

তারিখঃ ২১ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব, .............................................(সংশ্লিষ্ট মন্ত্রনালয়/বিভাগ)
৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ
৫। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৭। মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই/আনসার ও বিডিপি/কোস্ট গার্ড/বর্ডার গার্ড/র‍্যাব, ঢাকা
৮। প্রকল্প পরিচালক, আইডিয়া প্রকল্প (২য় পর্যায়), জাতীয় পরিচয় নিবন্দন অনুবিভাগ, ঢাকা
৯। বিভাগীয় কমিশনার,..................................................(সকল)
১০। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১। যুগ্মসচিব,.............................. (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২। জেলা প্রশাসক,.........................................(সকল)
১৩। পুলিশ সুপার,...............................................(সকল)
১৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,............................(সকল)
১৫। সিস্টেম ম্যানেজার (আইসিটি)/কারিগরি, নির্বাচন কমিশন সচিবালয়/জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
১৬। উপসচিব/পরিচালক,......................... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ............(সকল)
১৮। উপপরিচালক, স্থানীয় সরকার/আনসার ও ভিডিপি/ জেলা তথ্য অফিসার, ......................(সকল)
১৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি.........................(সকল)
২০। উপজেলা নির্বাহী অফিসার, ...........................(সকল)
২১। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,........................(সকল)
২২। সিনিয়র সহকারী সচিব/উপপরিচালক/প্রোগ্রামার, ................ (সকল), নিকস/এনআইডি/ইটিআই।
২৩। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪-২৭। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
২৮। সিনিয়র সচিব মহোদয়ে একান্ত সচিব, সিনিয়র সচিব , নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯। সহকারী সচিব/সহকারী পরিচালক/সহকারী প্রোগ্রামার, ................ (সকল), নিকস/এনআইডি/ইটিআই

৫.০১.২০২৫

সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪